




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
[www.ccb.gov.bd](http://www.ccb.gov.bd)



তারিখঃ ০৩ এপ্রিল ২০২২  
২০ চৈত্র ১৪২৮

## প্রেস রিলিজ

বাজারে ভোজ্য তেলের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক গঠিত অনুসন্ধান দল ভোজ্য তেলের বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের অস্থিত অনুসন্ধানে আজ ০৩ এপ্রিল, ২০২২খ্রি: রোজ রবিবার পানগাঁও, কোন্ডা, দক্ষিণ কেরানীগঞ্জস্থ বসুন্ধরা ফার্টিফাইড সয়াবিন অয়েল শোধনাগারে অভিযান পরিচালনা করে। অভিযানকালে অনুসন্ধান দল অপরিশোধিত ভোজ্য তেলের আমদানি, উৎপাদন, সরবরাহ চেইন, বর্তমান স্থিতি এবং ডেলিভারি অর্ডার সংক্রান্ত তথ্য সংগ্রহ করে। এ সময় বসুন্ধরা ফার্টিফাইড সয়াবিন অয়েল শোধনাগার কর্তৃপক্ষ তাদের মাসিক উৎপাদন ক্ষমতা ১৫-১৬ হাজার টন মর্মে অনুসন্ধান দলকে অবহিত করেন। এছাড়াও তারা জানায় যে, আমদানি ও উৎপাদনের প্রেক্ষিতে তাদের ভোজ্য তেল সরবরাহে কোন ঘাটতি হবে না।

  
(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা  
টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২  
ই-মেইল : [shekhruheldu@gmail.com](mailto:shekhruheldu@gmail.com)